দৈনিক ইত্তেফাক

তারিখ 31 MAR 1993
পৃষ্ঠা ১ কলাম ২

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষা আজ শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ দুইবার পিছাইয়া আজ (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯২ সালের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষা শুরু হইবে। এইবার

( শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৯০ হাজার। রাজধানীর ২৫টি কেন্দ্রসহ মোট ১৫০টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

এদিকে পরীক্ষা শুরুর আগের দিনেও গতকাল প্রবেশপত্র নেওয়ার জন্য পরীক্ষার্থী ও বিভিন্ন কলেজের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে ভিড় করেন। সন্ধ্যা পর্যন্ত এই ভিড় ছিল। একজনের প্রবেশপত্র অন্য জনকে দেওয়া হইয়াছে বলিয়া কয়েকজন ছাত্র অভিযোগ করেন। অনেকে প্রবেশপত্র সংগ্রহ করিতে পারেন নাই।

পরীক্ষা নিয়ন্ত্রক শাহ হাবিবুর রহমান বলেন, বিভিন্ন কলেজ কর্তৃপক্ষের খামখেয়ালীর জন্য প্রায় প্রতিবছর প্রবেশপত্র নেওয়ার ক্ষেত্রে ভিড় হয়। বার বার পত্র দিয়া তাগাদা দেওয়ার পরও অনেক কলেজ প্রবেশপত্র সংগ্রহ করেন না। পরীক্ষার আগের দিন হঠাৎ করিয়া চাপ শুরু হয়।